

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
শহর সমাজসেবা কার্যালয়-৪
১৭২, উত্তর বাসাবো, সবুজবাগ, ঢাকা।
www.dssucd4.dhaka.gov.bd

নম্বর:৪১.০১.২৬০০.০০০.০৪৫.১৪.০০১.২৬.৫৪৮

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩
০৯ আগষ্ট ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (অঞ্চল-২ ও ৫) এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (অঞ্চল-১ ও ৩) এর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার (Enumerator) পদে নিয়োজিত করার লক্ষ্যে মনোনীত তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার এবং রিজার্ভ ও অপেক্ষমাণ ফলাফল প্রকাশ।


শহর সমাজসেবা কার্যালয়-৪, ১৭২, উত্তর বাসাবো, সবুজবাগ, ঢাকা এর 'ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬' এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদে স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত বৈধ আবেদনকারীদের মধ্য হতে ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ নির্দেশিকা অনুযায়ী ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকৃত প্রার্থীদের ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে চূড়ান্তভাবে নির্বাচিত, রিজার্ভ ও অপেক্ষমান প্রার্থীদের তালিকা প্রকাশ করা হলো।

০২। এই ফলাফল স্বেচ্ছাসেবী নির্বাচন শহর সমাজসেবা কার্যালয়-৪, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইট www.dssucd4.dhaka.gov.bd পাওয়া যাবে।

সংযুক্তি:

০১। তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের ফলাফলের তালিকা পাতা।

০২। শর্তাবলি ০১ (এক) পাতা।


০৯/০৮/২৬

(শাহিনা আক্তার সুইটি)
সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব


ফ্যামিলি কার্ড শুমারি স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
শহর সমাজসেবা কার্যালয়-৪, ঢাকা।

নম্বর ৪১.০১.২৬০০.০০০.০৪৫.১৪.০০১.২৬.৫৪৮

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩
০৯ আগষ্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সংসদ সদস্য, ঢাকা-৯, ১০, ১৭ এবং ১৮;
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২ ও ৫, দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা;
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১ ও ৩, উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা;
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা;
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা;
৬. জনাব....., সদস্য, স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, শহর সমাজসেবা কার্যালয়-৪, ঢাকা;
৭. ওয়েবসাইট ও নোটিশবোর্ড, শহর সমাজসেবা কার্যালয়-৪, ঢাকা এবং
৮. অফিস কপি।


০৯/০৮/২৬

(শাহিনা আক্তার সুইটি)
সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

ফ্যামিলি কার্ড শুমারি স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
শহর সমাজসেবা কার্যালয়-৪, ঢাকা।

শর্তাবলি

০১. স্বেচ্ছাসেবীদের এ মনোনয়ন সম্পূর্ণভাবে অস্থায়ী যা কেবলমাত্র ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ জরিপকালীন সময় পর্যন্ত থাকবে;
০২. এই মনোনয়ন কোন আবেদনকারীকে স্বেচ্ছাসেবী হিসেবে নিয়োজিতকরণের নিরঙ্কুশ নিশ্চয়তা প্রদান করবে না বা এ মনোনয়নের ফলে কোন নিরঙ্কুশ অধিকার জন্মাবে না।
০৩. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের কার্যক্রম সম্পর্কিত সকল বিষয় সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা/নীতিমালা অনুসারে পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে;
০৪. অপেক্ষমান তালিকায় থাকা মানেই মূল দায়িত্বে নিয়োজনের নিশ্চয়তা নয়; এটি কেবলমাত্র আপদকালীন বা বিশেষ জরুরি পরিস্থিতিতে দ্রুত জনবল পদায়নের লক্ষ্যে প্রস্তুতকৃত সংরক্ষিত অপেক্ষমান তালিকা মাত্র; অপেক্ষমান তালিকা হতে জনবল মাঠে নিয়োজনের প্রয়োজন হলে প্রস্তুতকৃত মেধাক্রমানুসারে অগ্রাধিকার ভিত্তিতে মাঠে নিয়োজিত করা হবে।
০৫. জরিপে সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষা বাধ্যতামূলক; নির্দেশিকায় বর্ণিত শর্তাদি প্রতিপালনে ব্যত্যয় হলে এবং আবেদনের সময় দাখিলকৃত কোন সনদ, জাতীয় পরিচয়পত্র, বয়স, ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্যাদি, অসত্য বা প্রতারণামূলক মর্মে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে মনোনয়ন বাতিল, সম্মানী বাজেয়াপ্ত এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
০৬. জরিপ শেষে সরকারি সকল ডিভাইস, গ্যাজেট ও আনুষঙ্গিক উপকরণ বাধ্যতামূলকভাবে ফেরত প্রদান করতে হবে; ডিভাইস নষ্ট, হারানো বা চুরির ক্ষেত্রে সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবীর নিকট হতে বিধি মোতাবেক ক্ষতিপূরণ আদায় করা হবে;
০৭. জরিপকার্যে নিয়োজিত হয়ে সংগৃহীত খানার তথ্যের সংখ্যার ভিত্তিতে (কর্তৃপক্ষ যদি সম্মানী বরাদ্দ রাখে তবে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষে) সম্মানী প্রদান করা হবে; রিজার্ভ বা সংরক্ষিত গণনাকারীর ক্ষেত্রে নির্দেশিকায় উল্লিখিত বিধি-বিধান প্রযোজ্য হবে; জরিপ সমাপ্ত না হওয়া পর্যন্ত বা বরাদ্দ পাওয়া না গেলে সম্মানী দাবী করা যাবে না;
০৮. নিজের ডিভাইস অন্যের নিকট হস্তান্তর সম্পূর্ণভাবে নিষিদ্ধ; কোন পর্যায়ে বিধি বহির্ভূত কোন কার্যক্রম পরিচালনা করা হলে সকল প্রকার মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে মেধাক্রম অনুসারে প্রতিস্থাপন করা হবে;
০৯. নিয়োজিত সকল স্বেচ্ছাসেবীকে (তথ্য সংগ্রহকারী/সুপারভাইজার) স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি কর্তৃক মনোনীত যে কোন ওয়ার্ডে দায়িত্ব পালন করতে হবে। দায়িত্ব বিভাজন সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন 'পছন্দ' দেওয়া যাবে না; দায়িত্ব পালনে অপরাগ হলে তাৎক্ষণিক মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে মেধাক্রম অনুসারে মনোনয়ন প্রদান করা হবে;
১০. মনোনীত প্রার্থীদের (চূড়ান্ত ও রিজার্ভ) সকলকে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে;
১১. জরিপকালে কোন খানা প্রধান বা পরিবারকে ফ্যামিলি কার্ডের প্রতিশ্রুতি দেওয়া, ভয়-ভীতি প্রদর্শন, মিথ্যা বা অসত্য তথ্য ইনপুট, আর্থিক বা অনৈতিক সুবিধা দাবি কঠোরভাবে নিষিদ্ধ; এ ধরনের কোন অভিযোগ পাওয়া মাত্রই মনোনয়ন বাতিলসহ কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;
১২. কারও বিরুদ্ধে কোন ফৌজদারী অপরাধ/রাষ্ট্রবিরোধী কার্যক্রমে লিপ্ত থাকার প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধে প্রচলিত আইন ও বিধি-বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
১৩. প্রকাশিত ফলাফলে কোন ভুল/ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা বাছাই কমিটি সংরক্ষণ করে।
১৪. পদসংখ্যা কম/বেশি হতে পারে। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে।
১৫. কর্তৃপক্ষ কোন ব্যাখ্যা ছাড়াই যে কোন মনোনয়ন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং মাঠ পর্যায়ে নিয়োজন সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।



(শাহিনা আক্তার সুইটি)

সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

ফ্যামিলি কার্ড শুমারি স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
শহর সমাজসেবা কার্যালয়-৪, ঢাকা।